# স্বরাষ্ট্র উপদেষ্টার পদত্যাগের দাবি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের



সংগৃহীত ছবি

রাজধানীর মিটফোর্ড এলাকায় ব্যবসায়ী হত্যাকাণ্ডসহ সারা দেশে রাজনৈতিক আশ্রয়ে বেড়ে ওঠা চাঁদাবাজি, দখলদারি ও সহিংসতার প্রতিবাদে মশাল মিছিল করেছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন।

শনিবার (১২ জুলাই) সন্ধ্যায় জাতীয় জাদুঘরের সামনে থেকে শহীদ মিনার পর্যন্ত এই মিছিল অনুষ্ঠিত হয়। এতে সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন এবং নৃশংস হত্যাকাণ্ডের তীব্র নিন্দা জানান।

সংগঠনের সভাপতি রিফাত রশিদ বলেন, "দেশজুড়ে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির জন্য স্বরাষ্ট্র উপদেষ্টা দায় এড়াতে পারেন না। তিনি যদি দায়িত্ব পালনে ব্যর্থ হন, তাহলে তার পদত্যাগ করা উচিত।"

নেতাকর্মীরা অভিযোগ করেন, অন্তর্বর্তীকালীন সরকার একটি নির্দিষ্ট রাজনৈতিক দলের স্বার্থ রক্ষায় ব্যস্ত, যা গণতান্ত্রিক মূল্যবোধকে হুমকির মুখে ফেলছে।

তারা আরও বলেন, রাজনৈতিক ছত্রচ্ছায়ায় খুন, সন্ত্রাস ও চাঁদাবাজি প্রশ্রয় পাচ্ছে, যা বন্ধ করতে হলে দলীয় লেজুড়বৃত্তিক রাজনীতির অবসান ঘটাতে হবে। সেইসঙ্গে জনগণকে প্রতিবাদে সোচ্চার হওয়ার আহ্বান জানান তারা।

LENS ASIA